



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৩১

তারিখঃ ০৮/০৯/২০২২

প্রেস বিজ্ঞপ্তিঃ

বাংলাদেশে প্রবীণ জনগোষ্ঠীর মানবাধিকার পরিস্থিতি নিয়ে জাতীয় মানবাধিকার কমিশনের গবেষণা

জাতীয় মানবাধিকার কমিশনের প্রবীণ অধিকার বিষয়ক থিমটিক কমিটি জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি)-এর হিউম্যান রাইটস প্রোগ্রামের সহায়তায় বাংলাদেশে প্রবীণ জনগোষ্ঠীর মানবাধিকার পরিস্থিতি নিয়ে একটি গবেষণা পরিচালনা করেছে। এ গবেষণায় মূলত প্রবীণ জনগোষ্ঠি কেন্দ্রিক সেবাসুবিধাসমূহের সঠিক ব্যবস্থাপনা ও বাংলাদেশে প্রবীণ জনগোষ্ঠির সার্বিক জীবনমান উন্নয়নে মানবাধিকারের দৃষ্টিভঙ্গিতে পর্যালোচনার বিষয়টি উঠে এসেছে। গবেষণাপত্রটি প্রস্তুত করেছেন ইউএনডিপি নিযুক্ত জাতীয় পরামর্শক শাহিনুর রহমান। বর্ণিত গবেষণায় প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে প্রবীণ জনগোষ্ঠির মানবাধিকার সুরক্ষা ও উন্নয়নে নিম্নলিখিত সুপারিশ করা হয়-

- মেডিক্যাল একাডেমিক কারিকুলামে 'জেরিয়াট্রিক মেডিসিন' অন্তর্ভুক্ত করা;
- মেডিক্যাল কলেজ হাসপাতালসমূহে 'জেরিয়াট্রিক মেডিসিন' ডিপার্টমেন্ট প্রতিষ্ঠা করা;
- 'জেরিয়াট্রিক মেডিসিন' ও এসংক্রান্ত খেরাপির বিষয়ে, চিকিৎসা সেবার সাথে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা;
- পাবলিক ও প্রাইভেট হাসপাতাল ও ক্লিনিকে চিকিৎসা সেবা নিতে আসা প্রবীণদের অগ্রাধিকার দেয়া এবং তাদের জন্য আলাদা কাউন্টারের ব্যবস্থা রাখা; প্রবীণ জনগোষ্ঠির সেবা নিশ্চিতকরণে ৫% সিট বরাদ্দ রাখা;
- দেশের সকল প্রবীণের জন্য স্বাস্থ্য বীমা চালু করা; অতি বৃদ্ধদের জন্য হাসপাতালগুলোতে প্যালিয়েটিভ কেয়ার সার্ভিস চালু করা;
- পাঠ্যবইয়ে প্রবীণদের অধিকারের বিষয়টি অন্তর্ভুক্ত করা। পাশাপাশি, সরকারিভাবে প্রবীণ জনগোষ্ঠির অধিকার নিয়ে গবেষণা, যাতে তাঁদের কল্যাণের লক্ষ্যে নীতি নির্ধারণ সহজ হয়।

এ গবেষণার প্রয়োজনীয়তা উপলব্ধি করে জাতীয় মানবাধিকার কমিশনের প্রবীণ অধিকার কমিটির সভাপতি কমিশনের মাননীয় চেয়ারম্যান নাছিমা বেগম কমিটির ২য় সভায় উক্ত গবেষণা পরিচালনা করার প্রস্তাব দিলে কমিটির অন্যান্য সদস্য একমত পোষণ করেন। মাননীয় চেয়ারম্যান মনে করেন, জেরন্টলজি বিষয়ে বিশ্ববিদ্যালয় পর্যায়ে বাস্তবধর্মী, দক্ষতামূলক ও ব্যবহারিক কোর্স থাকা বাঞ্ছনীয়। এ লক্ষ্যে জেরন্টলজি বিষয়ে কোন কোন শিক্ষা প্রতিষ্ঠান কি করছে তা জানা এবং বাংলাদেশের প্রবীণ জনগোষ্ঠীর স্বাস্থ্যের অধিকার পরিস্থিতির বিষয়ে গবেষণা পরিচালনা করা প্রয়োজন। উক্ত কমিটির ৩য় সভায় গবেষণার ধারণাপত্র উপস্থাপিত হলে কমিটির সকল সদস্য তাদের মূল্যবান মতামত প্রদান করেন। পাশাপাশি প্রবীণ অধিকার কমিটির ৪র্থ সভায় গবেষণা প্রতিবেদন সম্পর্কে বিস্তারিত আলোকপাত করেন গবেষক ও পরামর্শক শাহিনুর রহমান। গবেষণাটি ৯৯তম কমিশন সভায় অনুমোদিত হয়েছে। জাতীয় মানবাধিকার কমিশনের পক্ষ থেকে শীঘ্রই গবেষণাপত্রটি পুস্তিকা আকারে প্রকাশ করা হবে। পাশাপাশি, প্রবীণ অধিকার নিয়ে কাজ করা সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও প্রবীণবান্ধব প্রতিষ্ঠানসমূহের অবগতির জন্য এ গবেষণাপত্রটি কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাদ্দ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

মোবাইলঃ ০১৩১৩৭৬৮৪০৮